গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.chapainawabganj.gov.bd

নং-৪৬.৪৩.৭০০০.০১১.১১.০০১.২৫.৭৮

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ২৭.০৮.২০২৪ তারিখের ৪৬.০১৮.০৩২. ০০.০০.০৫৬.১৬-১৪০২ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের ০৩ (তিন) টি ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা পদে ছাড়পত্রের প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ এবং আগামী এক বছরের জন্য নিয়োগ প্যানেল সংরক্ষণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বর্তমান শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/- তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রদেয়)	০৩ (তিন) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী

শর্তাবলী :

১. নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র চাঁপাইনবাবগঞ্জ জেলার ওয়েবপোর্টাল www.chapainawabganj.gov.bd এ এবং জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

৫. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৭. "ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা" পদে আবেদনকারীগণকে কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।

৮. **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

খ) প্রার্থীকে ১-৩৭০১-০০০১-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/-(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫" × ৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

ঘ) প্রবেশপত্র স্বহস্তে পূরণ (প্রযোজ্য অংশ) করে দাখিল করতে হবে। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১ (এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

৯. **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/মূল সাময়িক সনদপত্র।

(খ) পৌরসভার প্রশাসক/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

(গ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঘ) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার প্রমাণক।

(চ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।

(ছ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

(জ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র।

১০. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১১. আবেদনপত্র আগামী ২৫/০৩/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১২. অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২৫ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১৪. নিয়োগ এবং কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিফলিত হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার কর্তৃক নির্ধারিত সনদপত্র/প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে না পারলে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

১৫. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। পাশাপাশি নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে অত্র নিয়োগ বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল করার ক্ষমতাও সংরক্ষণ করেন।

১৭. মুদ্রণজনিত, নীতিগত অথবা তথ্যগত যে কোন ত্রুটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন সময় সংশোধনের অধিকার সংরক্ষণ করেন।

১৮. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

২৫.০২.২০২৫

(মোঃ আব্দুস সামাদ)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: +৮৮০২৫৮৮৮৯৩৩০০
E-mail: dcchapainawabganj@mopa.gov.bd

নং-৪৬.৪৩.৭০০০.০১১.১১.০০১.২৫.৭৮

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (বহুল প্রচারের অনুরোধসহ) প্রেরণ করা হলো:

০৪. জেলা প্রশাসক, ... (সকল)।
০৫. উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৭. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ ।
০৯. জেলা পর্যায়ের কর্মকর্তা...
১০. প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১১. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১২. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
১৩. সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১৪. জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
১৫. জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ (নিয়োগ বিজ্ঞপ্তিটিসহ নির্ধারিত আবেদন ফরম, প্রবেশপত্র www.chapainawabganj.gov.bd ওয়েব পোর্টালে আপলোড করণের অনুরোধসহ)।
১৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ।
১৭. নোটিস বোর্ড, এ কার্যালয়।

২৫.০২.২০২৫

জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ